দৈনিক সময় বায়ান্ন
The Daily Somoy Bayanno

কক্সবাজারের উখিয়ায় বন বিভাগের অভিযান: থাইংখালীর গহীন অরণ্যে থেকে বালিভর্তি দুটি ডাম্পার জব্দ



সিরাজুল কবির বুলবুল

উখিয়া প্রতিনিধি

কক্সবাজারের উখিয়ায় বন বিভাগের অভিযানে বালিভর্তি দুটি অবৈধ ডাম্পার গাড়ি জব্দ করা হয়েছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকাল ১১টার দিকে উপজেলার থাইংখালীর গহিন অরণ্যে খায়রুল বশরের ডেরায় অভিযান পরিচালনা করা হয়।

উখিয়া বন রেঞ্জ কর্মকর্তা আব্দুল মান্নানের নেতৃত্বে মো. কাইয়ুম, মোসলেম উদ্দিন ও ইলিয়াসসহ একদল বনকর্মী এই অভিযানে অংশ নেন।

অভিযানকালে ঘটনাস্থল থেকে বালিভর্তি দুটি ডাম্পার গাড়ি জব্দ করতে সক্ষম হন বনকর্মীরা।

সূত্র মতে, থাইংখালী এলাকার চিহ্নিত ভুমিদস্যু খায়রুল বশর, ক্ষমতার দাপট দেখিয়ে দীর্ঘদিন ধরে সরকারি বনভুমির পাহাড় কেটে মাটি ও বালি পাচার করে আসছিল বলে জানা গেছে।

উখিয়া বন রেঞ্জ কর্মকর্তা আব্দুল মান্নান, বালিভর্তি দুটি ডাম্পার গাড়ি জব্দের সত্যতা নিশ্চিত করেন এবং সংশ্লিষ্ট ধারায় মামলার প্রস্তুতি নিচ্ছে বলে তিনি জানান।

সম্পাদক ও প্রকাশক : শন্তু চন্দ্র সরকার : প্রধান কার্যালয় : হোল্ডিং ৯৪, লেন ৪, ব্লক-এ, রোড ৬, বাইপাইল আশুলিয়া, সাভার ঢাকা-১৩৪৯ থেকে প্রকাশক কর্তৃক প্রকাশিত বিসমিল্লাহ প্রিন্টিং প্রেস, ১২৯ ফকিরাপুল, (১ম লেন নীচতলা), মতিঝিল ঢাকা-১০০০ থেকে মুদ্রিত। যোগাযোগ: ০৯৬১১৬৭৯৫২০, মোবাইল: ০১৫৫৪৭৩৩৩২২ : E-mail: dailysomoybayanno@gmail.com, বার্তা : somoybayanno@gmail.com বিজ্ঞাপন: ০১৮৭০-৭০১৫২০